

**পঞ্চম শ্রেণীর সমাপনী
পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস বিষয়ক
সংবাদের ব্যাকের ব্যাখ্যা**

সিফি রিপোর্টার

প্রতি বছর সারাদেশে পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের অংশগ্রহণে সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রতিটি জেলায় পৃথক পৃথক প্রশ্নপত্রের মাধ্যমে এই পরীক্ষা গ্রহণ করা হয়ে থাকে। সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র তৈরীর দায়িত্ব পালন করেন সর্বশ্রেষ্ঠ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার। তৈরীকৃত প্রশ্ন জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের তত্ত্বাবধানে ছাপার পর জেলা ট্রেজারিতে সংরক্ষণ করা হয়। এখান থেকে প্রতিটি পৃ ১৮ ক ১৪

পঞ্চম শ্রেণীর সমাপনী

১২-এর পৃষ্ঠার পর

উপজেলায় থানা শিক্ষা অফিসারের কাছে প্রশ্নপত্র সরবরাহ করা হয় এবং সর্বশ্রেষ্ঠ থানা অথবা উপজেলা শিক্ষা অফিস এই প্রশ্নপত্র সংরক্ষণের দায়িত্ব পালন করে। তার পর থানা/উপজেলা শিক্ষা অফিস থেকে সর্বশ্রেষ্ঠ থানা শিক্ষা কর্মকর্তা প্রশ্নপত্র গ্রহণ করে কেন্দ্রসচিব/সহকারী থানা শিক্ষা কর্মকর্তার মাধ্যমে পরীক্ষাকেন্দ্রে প্রেরণ নিশ্চিত করেন। যে স্থলে পরীক্ষা অনুষ্ঠিত হয়, তার প্রধান শিক্ষক কেন্দ্রসচিবের দায়িত্ব পালন করেন। প্রশ্নপত্র প্রণয়ন, সংরক্ষণ, সরবরাহের সাময়িক প্রক্রিয়ার কোন পর্যায়েই ত্র্যাককর্মীরা জড়িত নন। সে ক্ষেত্রে প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনার সঙ্গে ত্র্যাক কর্মীদের অতিযুক্ত করার সামান্যতম অবকাশও নেই। প্রেরণ অভিযোগ সম্পূর্ণরূপে ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রসারিত। ত্র্যাক তার সূচনালগ্ন থেকেই শিক্ষাক্ষেত্রে নানাবিধ কর্মসূচী পরিচালনা করে মানবসম্পদ উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করে যাচ্ছে। আগামী ২০১৫ সালের মধ্যে সংশ্লিষ্ট উন্নয়ন লক্ষ্যমাত্রা পূরণেও মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ত্র্যাক অসীকারবদ্ধ রয়েছে।